

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৪৬

অমরপুর, ২০ নভেম্বর, ২০২৩

গোমতী জেলাভিত্তিক ৭০তম অখিল ভারত সমবায় সপ্তাহ  
সমবায় গ্রামীণ শিল্পকে প্রাধান্য দিতে হবে : অর্থমন্ত্রী

গ্রামীণ অর্থনীতির বিকাশে সমবায়ের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সমবায় গ্রামীণ শিল্পকে প্রাধান্য দিতে হবে। তবেই সমবায় আন্দোলনে আরও বেশি মানুষ যুক্ত হবেন। আজ অমরপুর নতুন টাউনহলে গোমতী জেলাভিত্তিক ৭০তম অখিল ভারত সমবায় সপ্তাহ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় একথা বলেন। অনুষ্ঠানে অর্থমন্ত্রী বলেন, সমবায় দপ্তরের লক্ষ্য থাকতে হবে শহর থেকে গ্রাম সবঅংশের মানুষকে সমবায়ের সঙ্গে যুক্ত করা। তবেই মানুষের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব হবে।

সমবায় সপ্তাহ উপলক্ষে আয়োজিত এই অনুষ্ঠানে গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায় বলেন, আরও বেশি করে মানুষকে সমবায়ের সঙ্গে যুক্ত করতে হবে। তবেই তারা আর্থিকভাবে স্বাবলম্বী হতে পারবেন। বিধায়ক রঞ্জিত দাস সমবায় আন্দোলনে আরও বেশি মানুষকে যুক্ত করার আহ্বান জানান। অনুষ্ঠানে অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মন্টি দেবনাথ রুদ্রপাল, বিএসির চেয়ারম্যান রবিন্দ্র জমাতিয়া, অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, মহকুমা শাসক প্রশান্ত বাদল নেগি, সমবায় দপ্তরের উপনিয়ামক সঞ্জীব ভৌমিক প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*